

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর  
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।  
[www.fireservice.gov.bd](http://www.fireservice.gov.bd)

স্মারক নং ৫৮.০৩.০০০০.০০৭.৩৪.০০৭.১৮-

৮২২৫

তারিখঃ

১২/০৩/১৪২৫ বঙ্গাব্দ।  
২৭/০৩/২০১৮ খ্রিষ্টাব্দ।

সংশোধিত বিজ্ঞপ্তি

বহুতল আবাসিক/বাণিজ্যিক, হাসপাতাল/ক্লিনিক, শিল্প কারখানাসহ অন্যান্য বাণিজ্যিক ভবনসমূহ এবং বিভিন্ন সরকারি/বেসরকারি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রসমূহ সিএনজি, এলপিগিজি, এলএনজি, বোতলজাতকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠান সমূহের অগ্নি নিরাপত্তা, জননিরাপত্তা সংক্রান্ত ফায়ার অডিট, পরিদর্শন, সার্ভে, সেফটি প্ল্যান প্রণয়ন ও ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে অনুমোদন গ্রহণের নিমিত্ত ফার্ম তালিকাভুক্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি:

দেশের সরকারি বেসরকারি বিভিন্ন অকুপেপী শ্রেণির বহুতল ভবন, শপিংমল, হোটেল, হাসপাতাল/ক্লিনিক, শিল্প কারখানাসহ অন্যান্য বাণিজ্যিক ভবন সমূহের (বিদ্যমান ও প্রস্তাবিত) এবং সরকারি/বেসরকারি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রসমূহের অগ্নি নিরাপত্তা, জননিরাপত্তা ব্যবস্থা জোরদার কল্পে অগ্নি প্রতিরোধ ও নির্বাণন আইন ২০০৩ ও বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (বিএনবিসি)-২০০৬ এর আলোকে সার্ভে ও ফায়ার অডিট, ফায়ার সেফটি প্ল্যান প্রণয়নের লক্ষ্যে আগ্রহী ও উপযুক্ত ইঞ্জিনিয়ারিং ফার্ম তালিকাভুক্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।


১. আবেদনের সংগে নিম্নলিখিত দলিলাদি আবশ্যিকভাবে সংযোজন করতে হবে:-

- প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, টি আই এন, এন আই ডি, আয়কর বিবরণী ও ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট।
- আগ্রহী প্রতিষ্ঠানের প্রফেশনাল ইঞ্জিনিয়ারদের সার্টিফিকেট এবং ISO 9001:2015 সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
- ডিটেইল ইঞ্জিনিয়ারিং এসেসমেন্ট, ফায়ার সেফটি ও ভবনের নিরাপত্তা সংশ্লিষ্ট কাজের কমপ্লেশন সার্টিফিকেট, সংশ্লিষ্ট ভবনের নাম ও ঠিকানা সম্বলিত তালিকা। (নূর্গতম ২০টি প্রতিষ্ঠান)
- প্রকৌশলীদের প্রোফাইল ও সনদ (ISO সনদধারীদের অগ্রাধিকার দেয়া হবে)।
- সেফটি অডিট এবং কনসালটেন্সি ফার্মের নূর্গতম ১০ (দশ) বছরের কর্ম অভিজ্ঞতার সনদ।
- ফায়ার প্রফেশনালদের ন্যূনতম যোগ্যতা হবে স্নাতক ডিগ্রীধারী অবসরপ্রাপ্ত/ চাকুরীরত প্রথম শ্রেণির কর্মকর্তা।
- প্রতিষ্ঠানের <sup>প্রকৌশলী</sup> কর্মরত জনবলের তালিকা।
- প্রতিষ্ঠানকে কোম্পানীর প্রোফাইল জমা দিতে হবে।
- প্রতিষ্ঠানকে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গিকারনামা প্রদান করতে হবে।

২. সংজ্ঞাঃ ফায়ার সেফটি ইঞ্জিনিয়ারিং ফার্ম বলতে ২ জন সিভিল ইঞ্জিনিয়ার, ১ জন মেকানিক্যাল ইঞ্জিনিয়ার, ২ জন ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার, ১ জন আর্কিটেক্ট এবং ১ জন ফায়ার প্রফেশনাল এর সমন্বয়ে গঠিত প্রতিষ্ঠান। ইঞ্জিনিয়ারদের কমপক্ষে ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

৩. আগ্রহী প্রতিষ্ঠান সমূহকে নির্ধারিত ছকে আগামী ০৭/১০/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর বরাবরে প্রস্তাব প্রেরণ করতে হবে। নির্ধারিত ছক অধিদপ্তরের ওয়েবসাইটে ([www.fireservice.gov.bd](http://www.fireservice.gov.bd)) এ পাওয়া যাবে।

বিঃদ্রঃ যে সকল প্রতিষ্ঠান অডিট/কনসালটেন্ট প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্তির জন্য আবেদন করিবেন সে সমস্ত প্রতিষ্ঠান সরবরাহ ও সংস্থাপন প্রতিষ্ঠান হিসাবে আবেদন করিতে পারিবেন না।



ব্রিগেডিয়ার জেনারেল  
আলী আহম্মেদ খান পিএসসি (অবঃ)  
মহাপরিচালক  
ফোন-৯৫৫৮৮৮০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর  
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।  
[www.fireservice.gov.bd](http://www.fireservice.gov.bd)

ছবি

ফায়ার সেফটি প্ল্যান তৈরির জন্য ইঞ্জিনিয়ারিং ফার্ম নিবন্ধিকরণ/তালিকাভুক্তির আবেদন ফরম।

০১. ফার্মের নাম, ঠিকানা ও Contact No ( মোবাইল , টেলিফোন, E-mail ):
০২. মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম, ঠিকানা, ছবি ও Contact No ( মোবাইল ও টেলিফোন ):
০৩. হালনাগাদ ট্রেড লাইসেন্স:
০৪. TIN Certificate:
০৫. BIN/VAT Registration Certificate:
০৬. Bank Solvency Certificate:
০৭. ফার্মে নিয়োজিত প্রকৌশলীদের বায়ো ডাটা ও সনদ:
০৮. ফার্মসমূহের অভিজ্ঞতার সনদপত্র:
০৯. সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ার ও ফায়ার প্রফেশনালদের জীবন বৃত্তান্ত, সকল শিক্ষাগত ও পেশাগত সনদের অনুলিপি, নমুনা স্বাক্ষর, সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি এবং সম্মতিপত্র (সত্যায়িত) :
১০. মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেল অব এসোসিয়েশন:
১১. ফার্মের কাজের অভিজ্ঞতা:
১২. ফার্মের নিযুক্ত প্রকৌশলী ও স্টাফ এর সংখ্যা এবং তাদের ব্যক্তিগত বিবরণী:
১৩. ৩০০/- টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

বিঃ দ্রঃ যে সমস্ত প্রতিষ্ঠান অডিট ফার্ম হিসেবে আবেদন করিবেন তাহারা সরবরাহকারী, সংস্থাপনকারী প্রতিষ্ঠান হিসেবে আবেদন করতে পারিবেন না।

আবেদনকারীর স্বাক্ষর  
সিলমোহর